

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ১০, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ২২ পৌষ ১৪১৭ বঙ্গাব্দ/০৫ জানুয়ারি ২০১১ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ০২-আইন/২০১০।—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২০, ধারা ৩(৩) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) প্রতিষ্ঠা বিধিমালা, ২০১০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (১) “আইন” অর্থ স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন);
- (২) “সিটি কর্পোরেশন” অর্থ আইনের ধারা ২(১৪) তে সংজ্ঞায়িত কোন সিটি কর্পোরেশন।

৩। নতুন সিটি কর্পোরেশন প্রতিষ্ঠা।—সরকার আইন ও এই বিধিমালার বিধানসাপেক্ষে নতুন সিটি কর্পোরেশন প্রতিষ্ঠা করিতে পারিবে।

(১০৩)
মূল্য : টাকা ২.০০

৪। সিটি কর্পোরেশন প্রতিষ্ঠার মানদণ্ড।—(১) কোন নতুন সিটি কর্পোরেশন প্রতিষ্ঠার জন্য নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ করিতে হইবে, যথাঃ—

- (ক) বিদ্যমান পৌর এলাকার জনসংখ্যা ন্যূনতম ৪ (চার) লক্ষ হইতে হইবে;
- (খ) জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গ কিলোমিটারে ন্যূনতম ৩ (তিন) হাজার হইতে হইবে;
- (গ) স্থানীয় আয়ের উৎস বাৎসরিক ন্যূনতম ৫ (পাঁচ) কোটি টাকা হইতে হইবে;
- (ঘ) প্রস্তাবিত এলাকায় শিল্প প্রতিষ্ঠান থাকিতে হইবে এবং উহা বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ হইতে হইবে;
- (ঙ) প্রস্তাবিত এলাকার ভৌত অবকাঠামোগত সুবিধাদি থাকিতে হইবে যাহা ভবিষ্যতে সম্প্রসারণ করা যাইবে;
- (চ) বিদ্যমান পৌরসভার বার্ষিক আয় ন্যূনতম ১০ (দশ) কোটি টাকা হইতে হইবে;
- (ছ) প্রস্তাবিত এলাকায় সিটি কর্পোরেশন প্রতিষ্ঠার বিষয়ে স্থানীয় জনমত অনুকূলে থাকিতে হইবে; এবং
- (জ) আয়তন ন্যূনতম ২৫ (পঁচিশ) বর্গ কিলোমিটার হইতে হইবে।

৫। নতুন সিটি কর্পোরেশন প্রতিষ্ঠার লক্ষ্যে গণবিজ্ঞপ্তি।—(১) কোন পৌর এলাকায় নতুন সিটি কর্পোরেশন প্রতিষ্ঠার লক্ষ্যে সরকার সংশ্লিষ্ট জেলা প্রশাসককে প্রস্তাবিত এলাকার অধিবাসীগণের নিকট হইতে সিটি কর্পোরেশন প্রতিষ্ঠা সম্পর্কে মতামত আহ্বান করিয়া গণবিজ্ঞপ্তি জারির নির্দেশ প্রদান করিতে পারিবে।

(২) সংশ্লিষ্ট জেলা প্রশাসক উপ-বিধি (১) এর অধীন গণবিজ্ঞপ্তি জারির নির্দেশনা প্রাপ্তির পর সংশ্লিষ্ট এলাকার মৌজা বা মৌজাসমূহের জে এল নম্বর ও নামসহ, প্রয়োজনীয় ক্ষেত্রে দাগ নম্বরসহ, সরকার কর্তৃক নির্দেশিত অন্যান্য তথ্য, যদি থাকে, উল্লেখপূর্বক গণবিজ্ঞপ্তি জারি করিবেন।

(৩) উপ-বিধি (১) এর অধীন গণবিজ্ঞপ্তি বহুল প্রচারিত একটি বাংলা ও একটি ইংরেজী জাতীয় পত্রিকায় এবং একটি স্থানীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করিতে হইবে এবং ইহার অতিরিক্ত হিসাবে উক্ত পৌর এলাকার কয়েকটি বহুল পরিচিত প্রকাশ্য স্থানে বুলাইয়া দিতে হইবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন গণবিজ্ঞপ্তি জারির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট এলাকার যে কোন অধিবাসী গণবিজ্ঞপ্তিতে উল্লিখিত বিষয়ে তাহার মতামত বা আপত্তি থাকিলে উহা জেলা প্রশাসকের নিকট দাখিল করিবেন।

(৫) উপ-বিধি (২) এর অধীন গণবিজ্ঞপ্তি জারির পর, উপ-বিধি (৪) এর অধীন কোন আপত্তি পাওয়া গেলে উহা প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে সংশ্লিষ্ট পক্ষকে প্রয়োজনীয় শুনানীর সুযোগ প্রদানপূর্বক জেলা প্রশাসক সিটি কর্পোরেশন প্রতিষ্ঠা সম্পর্কে তাহার মতামত সরকারের নিকট একটি প্রতিবেদন আকারে পেশ করিবেন।

৬। সিটি কর্পোরেশন প্রতিষ্ঠার ঘোষণা।—সরকার বিধি ৫(৫) এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর কোন পৌর এলাকায় সিটি কর্পোরেশন প্রতিষ্ঠার সিদ্ধান্ত গ্রহণ করিলে সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নতুন সিটি কর্পোরেশন প্রতিষ্ঠার ঘোষণা প্রদান করিবে।

৭। বিশেষ বিধান।—বিধি ৬ এর অধীন কোন পৌর এলাকায় নতুন সিটি কর্পোরেশন প্রতিষ্ঠার কারণে কোন পৌরসভা পুনর্গঠনের প্রয়োজনীয়তা দেখা দিলে, সরকার তদসম্পর্কে আইন ও এই বিধির সহিত অসামঞ্জস্যপূর্ণ নহে এইরূপ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু আলম মোঃ শহিদ খান
সচিব।